



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩১  
০৯ জুলাই ২০২৪

**প্রশাসনিক পরিপত্র নং- ৪০/২০২৪**

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৩০ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৬৪৫তম সভায় অনুমোদিত এবং প্রশাসনিক পরিপত্র নং- ৩৬/২০২৪, তারিখ: ০৪ জুলাই ২০২৪ এর মাধ্যমে জারিকৃত “পুঁজিবাজারে বিনিয়োগ নীতিমালা-২০২৪” অনুযায়ী কর্পোরেশনের পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত কার্যাবলী নিরীক্ষার জন্য নিম্নোক্তভাবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট “**বিনিয়োগ নিরীক্ষা কমিটি**” গঠিত হলো:

০১. উপ-মহাব্যবস্থাপক, ইন্টারনাল কন্ট্রোল এন্ড কমপ্লাইন্স ডিভিশন	সভাপতি
০২. সহকারী মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট	সদস্য সচিব
০৩. সহকারী মহাব্যবস্থাপক, ইমপেকশন এন্ড কমপ্লাইন্স ডিপার্টমেন্ট	সদস্য

**কমিটির কার্যপরিধি:**

- প্রতি মাসে বিনিয়োগ তদারকি কমিটির সভা অনুষ্ঠানের পূর্বে বিনিয়োগ নিরীক্ষা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত কমিটি পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটির বিনিয়োগ সিদ্ধান্ত ও ক্রয় বিক্রয় কার্যক্রম প্রতি মাসে একবার নিরীক্ষা (Audit) করবে;
- বিনিয়োগের ক্ষেত্রে এই নীতিমালা ও প্রয়োজ্য বিধিবিধান যথাযথভাবে পরিপালন করা হয়েছে কি না তা নিরীক্ষা করবে;
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি বা বিডিং রিকমেন্ডেশন কমিটির কোন সদস্য কর্তৃক প্রদত্ত নোট অব ডিসেন্টের বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করবে;
- কমিটি প্রয়োজনে “পোর্টফোলিও ম্যানেজমেন্ট কমিটি” ও “বিডিং রিকমেন্ডেশন কমিটি” এর যেকোন সদস্যের নিকট তাঁদের কার্যক্রম, মতামত, সুপারিশ, নোট অব ডিসেন্ট ইত্যাদি বিষয়ে তথ্য জানতে ও ব্যাখ্যা তলব করতে পারবে;
- মাসিক ভিত্তিতে কমিটি সভার কার্যবিবরণী, নিরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন, মতামত, সুপারিশ সরাসরি “বিনিয়োগ তদারকি কমিটি” সমীপে উপস্থাপন করবে; এবং
- উপর্যুক্ত বিষয় ছাড়াও কমিটির সভাপতির অনুমোদনক্রমে সংশ্লিষ্ট অন্য যেকোনো বিষয় কার্যপরিধির অন্তর্ভুক্ত করা যাবে।

০২। এ পরিপত্র ০১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

  
**মোঃ আবুল হোসেন**  
ব্যবস্থাপনা পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
- উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
- মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
- আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।